

কি সেবা কিভাবে পাবেনঃ

ক্ষুদ্রঋণ কার্যক্রম :

ক) পল্লী সমাজসেবা ক্ষুদ্রঋণ (RSS) কার্যক্রম: বিভিন্ন প্রকল্প গ্রামে লক্ষ্যভুক্ত দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে আয়বর্ধক ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়। যা একটি গ্রামে গ্রাম কমিটি গঠন, কর্মদল গঠন করে ঐ দলের সদস্যদের মধ্যে ঋণ দেয়া হয়। উপজেলা সমাজসেবা কার্যালয় হতে ঋণ পাবার আবেদন ফরম সংগ্রহ করে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর গ্রাম কমিটির রেজুলেশনসহ আবেদন করলে ঋণ সেবা পাওয়া যায়। যাহা ১০% সার্ভিস চার্জসহ ১০ মাসে ১০ কিস্তিতে পরিশোধযোগ্য।

খ) দক্ষ ও প্রতিবন্ধী পুনর্বাসন ক্ষুদ্রঋণ কার্যক্রম : সিভিল সার্জন/ ডাক্তার(মেডিকেল) দ্বারা পরীক্ষিত কোন দরিদ্র প্রতিবন্ধী ব্যক্তি ঋণ সেবা পেতে পারেন। উপজেলা সমাজসেবা কার্যালয় হতে আয়বর্ধক ঋণ পাবার আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করলে ঋণ সেবা পেতে পারেন। যা ৫% সার্ভিস চার্জসহ ১০ মাসে ১০ কিস্তিতে পরিশোধযোগ্য।

গ) পল্লী মাতৃকেন্দ্র (RMC) ক্ষুদ্রঋণ কার্যক্রম : বিভিন্ন প্রকল্প এলাকায় লক্ষ্যভুক্ত দরিদ্র মহিলাদেরকে বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণের মধ্য দিয়ে প্রশিক্ষিত করে আয়বর্ধক ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়। যা একটি গ্রামে/ইউনিয়ন কমিটি/সমিতি গঠন করেস সদস্যদের মধ্যে ঋণ দেয়া হয়। উপজেলা সমাজসেবা কার্যালয় হতে ঋণ পাবার আবেদন ফরম সংগ্রহ করে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর কমিটির রেজুলেশনসহ আবেদন করলে ঋণ সেবা পাওয়া যায়। যা ১০% সার্ভিস চার্জসহ ১০ মাসে ১০ কিস্তিতে পরিশোধযোগ্য।

ভাতা কার্যক্রম:

ক) বয়স্ক ভাতাঃ মহিলা ৬২ ও পুরুষ ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সী অসহায় দরিদ্রদের মাঝে বয়স্ক ভাতা প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন কমিটি দ্বারা বাছাই এবং উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদনের পর ভাতা প্রদান করা হয়।

খ) বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতাঃ বিধবা ও স্বামী নিগৃহিতা দুঃস্থ অসহায় দরিদ্র মহিলাদের মাঝে বিধবা ভাতা প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন কমিটি দ্বারা বাছাই এবং উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদনের পর ভাতা প্রদান করা হয়।

গ) অসচ্ছল প্রতিবন্ধী ভাতাঃ অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন কমিটি দ্বারা বাছাই এবং উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদনের পর ভাতা প্রদান করা হয়।

ঘ) মুক্তিযোদ্ধা সন্মানী ভাতাঃ নির্ধারিত আবেদন ফরম এর মাধ্যমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হবে। যা উপজেলা বীর মুক্তিযোদ্ধা/ সুবিধাভোগী কর্তৃক সন্মানী ভাতা প্রাপ্তির জন্য আবেদন যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সভায় অনুমোদনের পর ভাতা প্রদান করা হয়।

ঙ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম: নির্ধারিত আবেদন ফরম এর মাধ্যমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হবে। যা উপজেলা সংশ্লিষ্ট কমিটির সভায় অনুমোদনের পর উপবৃত্তি প্রদান করা হয়।

চ) দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর ভাতাঃ ৫০ বছর বা তদূর্ধ্ব বয়সী দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর অসহায় দরিদ্র পুরুষ/মহিলাদের মাঝে বয়স্ক ভাতা প্রদান করা হয়। প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন কমিটি দ্বারা বাছাই এবং উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদনের পর ভাতা প্রদান করা হয়।

ছ) দলিত, হরিজন ও বেদে শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম: নির্ধারিত আবেদন ফরম এর মাধ্যমে উপজেলা সমাজসেবা অফিসার বরাবর আবেদন করতে হবে। উপজেলা সংশ্লিষ্ট কমিটির সভায় অনুমোদনের পর উপবৃত্তি প্রদান করা হয়।

সামাজিক কার্যক্রম:

সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সংক্রান্ত :

স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান এবং বেসরকারী এতিমখানা নিবন্ধন প্রদান করা হয়। নিবন্ধনকৃত সংস্থা/প্রতিষ্ঠানের বিভিন্ন সামাজিক কার্যক্রম বাস্তবায়নের জন্য এককালীন অনুদান প্রদান করা হয়। তাছাড়া বেসরকারী এতিম খানায় পিতৃ-মাতৃহীন অসহায় ছেলে মেয়েদের লেখাপড়া ও ভোরণ পোষণসহ স্বাবলম্বী করার লক্ষ্যে সরকার কর্তৃক বেসরকারী ক্যাপিটেশন গ্রান্ট প্রদান করা হয়।

বৃক্ষরোপনঃ

সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধীকৃত ও নিয়ন্ত্রিত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের যুবকদের মাধ্যমে প্রতিবছর বর্ষাকালীন বৃক্ষ রোপন করা হয়।

পরিবার পরিকল্পনাঃ

সোনাইমুড়ী উপজেলায় ১০ টি মাতৃকেন্দ্র আছে এবং প্রতিটি কেন্দ্র ২০ থেকে ৩০ জন করে সদস্য রয়েছে। তাদের সপ্তাহিক/পাঞ্চিক সভায় পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা হয়।

নারী ও শিশু পাচার রোধ কার্যক্রমঃ

উপজেলা সমাজসেবা কার্যালয়ের অধীন উপজেলার প্রকল্প গ্রামে গ্রাম কমিটি আছে। উক্ত গ্রাম কমিটির মাধ্যমে নারী ও শিশু পাচার রোধ সম্পর্কে এলাকার জনগোষ্ঠীকে সচেতন করা হয়।

যৌতুক বিরোধী কার্যক্রমঃ

সমাজসেবা বিভাগ দ্বারা পরিচালিত বিভিন্ন গ্রামে গ্রাম কমিটি ও মাতৃকেন্দ্র রয়েছে। এ সব কমিটি ও কেন্দ্রের মাধ্যমে যৌতুক বিরোধী কার্যক্রম সম্পর্কে জনগনকে উদ্ভুদ্ধ করা হয়।

কারারুদ্ধ শিশু কিশোর মুক্তি দেওয়া কার্যক্রমঃ

১৮ বছরের কম বয়সী যে সকল কিশোর/কিশোরী কোন মামলায় সাজাপ্রাপ্ত হয়ে কারারুদ্ধ হলে তাদেরকে জামিনে মুক্ত করে কিশোর সংশোধনী প্রকল্পে ভর্তি করে তাদের লেখাপড়া শিক্ষা ও কারিগরী প্রশিক্ষণ প্রদান করে পুনর্বাসন দেওয়া হয়।

প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ জরিপ ও পরিচয় পত্র প্রদান সংক্রান্ত কর্মসূচি: অত্র উপজেলায় প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিচয় পত্র(সুবর্ণ নাগরিক) প্রদান করা হয়। (চলমান প্রক্রিয়া)

আর্থিক সহায়তা: ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া, স্ট্রোক প্যারালাইজড রোগের অনলাইন আবেদনের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আর্থিক (এককালীন) সহায়তা প্রদান করা হয়।